BCC&I
THE BENGAL CHAMBER

# "INAUGURAL EDITION OF TECH-E-SUMMIT" BY BCC&I

MEDIA DOSSIER

PRINT MEDIA: Anandabazar Patrika, Ei Samay, Aajkaal

DIGITAL MEDIA: The Hans India, NFA Post, Aajkaal in

আনন্দবাজার পত্রিকা

| Publication: Anandabazar Patrika | Date: 04.08.2023 |
|---|---|
| Edition: Kolkata | Page: 07 |


# বঙ্গে লগ্নির ডাক বাবুলের

নিজস্ব সংবাদদাতা

তথ্যপ্রযুক্তির উপযুক্ত পরিকাঠামো এবং স্পষ্ট নীতি রয়েছে পশ্চিমবঙ্গে। সঙ্গে আর্থিক সুবিধাও। এই দাবি করে বৃহস্পতিবার বেঙ্গালুরুতে তথ্যপ্রযুক্তি শিল্পমহলকে এ রাজ্যে আসার আহ্বান জানালেন এই ক্ষেত্রের মন্ত্রী বাবুল সুপ্রিয়।

বেঙ্গালুরুতে স্টার্ট-আপ-সহ তথ্যপ্রযুক্তি ক্ষেত্রের দু'দিনের সম্মেলনের আয়োজন করেছে বণিকসভা বেঙ্গল চেম্বার অব কমার্স। কলকাতার পাশাপাশি যোগ দিয়েছেন দক্ষিণের তথ্যপ্রযুক্তি তালুক এবং মুম্বইয়ের শিল্প প্রতিনিধিরা। এ দিন সেখানেই বাবুল বলেন, "আমাদের ৩২টি আইটি পার্ক রয়েছে। নীতিও স্বচ্ছ। আমরা শিল্পবন্ধুদের কলকাতায় নিয়ে যেতে চাই। মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ও লগ্নির বিষয়ে আন্তরিক।'' মন্ত্রীর আরও দাবি, পশ্চিমবঙ্গে শিল্প সহায়ক পরিবেশ রয়েছে। জীবনযাপনের খরচ কম।

| Publication: Ei Samay | Date: 04.08.2023 |
|---|---|
| Edition: Kolkata | Page: 04 |

## ঝটিতি

# আইটিতে লগ্নি চাইছেন বাবুল

এই সময়: রাজ্যের তথ্যপ্রযুক্তি ক্ষেত্রে বিনিয়োগ করার জন্য বেঙ্গালুরুতে গিয়ে লগ্নিকারীদের আহ্বান জানালেন তথ্যপ্রযুক্তি মন্ত্রী বাবুল সুপ্রিয়। বৃহস্পতিবার সন্ধ্যায় বেঙ্গালুরুতে বেঙ্গল চেম্বার অফ কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি আয়োজিত টেক-ই সামিটে বাবুল সুপ্রিয় বলেন, 'মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় অত্যন্ত আন্তরিক। রাজ্যে ৩২টি তথ্যপ্রযুক্তি পার্ক রয়েছে। ২০২১ সালের তথ্যপ্রযুক্তি নীতির আওতায় প্রচুর ইনসেনটিভ দেওয়ার কথা বলা আছে। আমরা প্রয়োজনীয় সমস্ত উৎসাহ দিচ্ছি। আমি আপনাদের সাহায্য করার জন্য আছি। আপনারা কলকাতায় আসুন।' মন্ত্রীর সংযোজন, 'আমরা আমাদের বন্ধুদের কলকাতায় নিয়ে যেতে চাই।' সামিটে বেঙ্গালুরু, মুম্বই ও কলকাতার লগ্নিকারীরা যোগ দিয়েছেন।

আজকাল

| Publication: Aajkaal | Date: 05.08.2023 |
| --- | --- |
| Edition: Kolkata | Page: 04 |




বিসিসিঅ্যান্ডআই আয়োজিত 'টেক-ই-সামিট'-এ রাজ্যের মন্ত্রী বাবুল সুপ্রিয়। শুক্রবার। ছবি: আজকাল

# বাংলায় তথ্যপ্রযুক্তিতে লগ্নির ডাক মন্ত্রী বাবুলের

আজকালের প্রতিবেদন

বাংলায় আসুন। এখানে একদিকে শিল্পের জন্য যেমন জায়গার অভাব নেই, তেমনি আছে শিল্পবান্ধব পরিবেশ। পশ্চিমবঙ্গের তথ্যপ্রযুক্তি ও ইলেক্ট্রনিক্স দপ্তর বিনিয়োগকারীদের প্রতিটি মুহূর্তে সমস্তরকম সহযোগিতা করতে প্রস্তুত। প্রযুক্তিকে কাজে লাগিয়ে কীভাবে স্টার্ট আপ এগিয়ে যাচ্ছে সে বিষয়ে শুক্রবার বেঙ্গালুরুতে বেঙ্গল চেম্বার অফ কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (বিসিসিঅ্যান্ডআই) আয়োজিত 'টেক-ই-সামিট'-এ এভাবেই বিনিয়োগকারীদের আহ্বান জানান রাজ্যের মন্ত্রী বাবুল সুপ্রিয়। প্রযুক্তিকে কাজে লাগিয়ে ক্রমেই এগিয়ে চলেছে ভারতের স্টার্ট আপ উদ্যোগ। বিশ্বের দরবারে আজ আমেরিকা ও চীনের পরেই এবিষয়ে ভারত একটি উল্লেখযোগ্য নাম। বিনিয়োগের ক্ষেত্রে কীভাবে এই উদ্যোগ খুবই গুরুত্বপূর্ণ হয়ে উঠছে এবং এই আলোচনায় তাকে কীভাবে গুরুত্ব দেওয়া হচ্ছে সে বিষয়ে বিসিসিঅ্যান্ডআইয়ের আইটি কমিটির চেয়ারপার্সন অর্ণব বসু বলেন, টেক-ই-সামিট তুলে ধরছে কীভাবে বিনিয়োগকারী ও স্টার্ট আপ-এর মধ্যে মেলবন্ধন ঘটছে। এই অনুষ্ঠানের উদ্দেশ্য হল পারস্পরিক আলাপ-আলোচনার মাধ্যমে কীভাবে আরও বেশি করে সহযোগিতার পথ প্রশস্ত করা যায়। এর ফলে যেমন যোগাযোগ বাড়বে তেমনি আগামী দিনে আরও সুযোগের সম্ভাবনা তৈরি হবে।

বিসিসিঅ্যান্ডআইয়ের এই উদ্যোগের প্রশংসা করে কর্ণাটকের ইলেকট্রনিক্স ইনফর্মেশন টেকনোলজির অতিরিক্ত মুখ্য সচিব ড. ইভি রমনা রেড্ডি তুলে ধরেন কর্ণাটক কীভাবে এগিয়ে চলেছে। কর্ণাটক ডিজিটাল ইকনমি মিশন-এর সিইও সঞ্জীবকুমার গুপ্তা জোর দেন বিনিয়োগের বিকেন্দ্রীকরণের ওপর। তাঁর কথায়, বেঙ্গালুরুর বাইরে আরও বেঙ্গালুরু গড়ে তুলতে হবে। ছিলেন বিসিসিঅ্যান্ডআইয়ের আইটি কমিটির কো-চেয়ারপার্সন ড. চিরঞ্জীব ভট্টাচার্য, মনিপাল ইনোভেশন লিডারশিপ অ্যান্ড এন্টারপ্রেনারশিপ স্কুল-এর প্রতিষ্ঠাতা অধিকর্তা সিএন রঘুপতি, আইটি বিশেষজ্ঞ রুদ্রশঙ্কর রায়, বন্ধন কোন্নগরের ভাইস প্রেসিডেন্ট শান্তময় চ্যাটার্জি-সহ অন্যান্য বিশিষ্টজন।

THE Hans India
English Daily

| Publication: The Hans India | Date: 05.08.2023 |
|---|---|
| Edition: Bengaluru | Link: https://www.thehansindia.com/karnataka/tech-e-summit-unfolding-the-momentum-of-investors-and-startups-813415 |

# "Tech-e-Summit" Unfolding the Momentum of Investors and Startups

Bharath Anjanappa
Hans News Service | 4 Aug 2023 5:45 PM IST



HIGHLIGHTS

Bengaluru tops the list of start- up hub

**Bengaluru:** The Indian start up ecosystem's growth trajectory is a testament to the country's preparedness to embrace tech innovation in all spheres of life. India has joined the leagues of top-rung players such as the US and China and is currently home to the world's third-largest startup ecosystem. Metros like Delhi, Mumbai, **Bengaluru** and Hyderabad are leading in the tech destinations, emerging as the country's top start up hubs. However, Bengaluru has topped the list. Reports say the city accounts for 40 unicorns, 44 Soonicorns, and more than 4K registered start-ups. In fact, Decacorns (start-ups with a valuation above $10 Bn) all find their genesis in Bengaluru. Thus, the inaugural edition of the "Tech-E-Summit" of The Bengal Chamber of Commerce and Industry (BCC&I), aiding business since 1833, was held in Bengaluru today on "Unfolding the Startup Momentum".

NFA POST
News | Facts | Analysis

| Publication: NFA Post | Date: 05.08.2023 |
|---|---|
| Edition: Bengaluru | Link: https://thenfapost.com/tech-e-summit-unleashing-the-surge-of-investors-and-startups/ |

EVENT NEWS STARTUPS

# Tech-e-Summit: Unleashing the Surge of Investors and Startups

By **Subramanya Joshi** - August 4, 2023 25 0



**Bengaluru, NFAPost:** The Indian startup ecosystem's remarkable growth trajectory stands as a testament to the country's readiness to embrace technological innovation across all spheres of life. With over 4,000 registered startups, the nation has secured its position as home to the world's third-largest startup ecosystem, joining the ranks of top players like the US and China. Bengaluru has emerged as the leading tech destination at the forefront of this thriving ecosystem, boasting an impressive 40 unicorns and 44 Soonicorns.

The Bengal Chamber of Commerce and Industry (BCC&I), a key player in supporting businesses since 1833, organized the inaugural edition of the "Tech-E Summit" in Bengaluru. The summit, centred around "Unfolding the Startup Momentum," aimed to foster dialogue and collaborations between investors and startups, recognizing their crucial roles in the technology ecosystem's success.

Mr. Arnab Basu, Chairperson of the IT Committee Senior Vice President at The Bengal Chamber and Advisory Leader at PwC India, highlighted the summit's objectives, emphasizing the significance of connecting stakeholders, understanding different perspectives, and identifying new opportunities.

| Publication: Aajkaal in | Date: 04.08.2023 |
| --- | --- |
| Edition: Kolkata | Link: https://aajkaal.in/news/state/babul-calls-for-investment-in-information-technology-in-bengal-bnfe |

## West Bengal: বাংলায় তথ্য প্রযুক্তিতে বিনিয়োগের আহ্বান বাবুলের



KR শুক্রবার ৪ আগস্ট ২০২৩ [7:44 PM] Share 6

**আজকাল ওয়েবডেস্ক:** বাংলায় আসুন।

এখানে একদিকে শিল্পের জন্য যেমন জায়গার অভাব নেই তেমনি আছে শিল্পবান্ধব পরিবেশ। পশ্চিমবঙ্গের তথ্যপ্রযুক্তি ও ইলেক্ট্রনিক্স দপ্তর বিনিয়োগকারীদের প্রতিটি মুহূর্তে সমস্তরকম সহযোগিতা করতে প্রস্তুত। প্রযুক্তিকে কাজে লাগিয়ে কীভাবে স্টার্ট আপ এগিয়ে যাচ্ছে সে বিষয়ে শুক্রবার বেঙ্গালুরুতে বেঙ্গল চেম্বার অফ কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (বিসিসিঅ্যান্ডআই) আয়োজিত 'টেক-ই-সামিট' -এ এভাবেই বিনিয়োগকারীদের আহ্বান জানান রাজ্যের মন্ত্রী বাবুল সুপ্রিয়।

প্রযুক্তিকে কাজে লাগিয়ে ক্রমেই এগিয়ে চলেছে ভারতের স্টার্ট আপ উদ্যোগ। বিশ্বের দরবারে আজ আমেরিকা ও চীনের পরেই এবিষয়ে ভারত একটি উল্লেখযোগ্য নাম। বিনিয়োগের ক্ষেত্রে কীভাবে এই উদ্যোগ খুবই গুরুত্বপূর্ণ হয়ে উঠছে এবং এই আলোচনায় তাকে কীভাবে গুরুত্ব দেওয়া হচ্ছে সে বিষয়ে বিসিসিঅ্যান্ডআইয়ের আইটি কমিটির চেয়ারপার্সন অর্ণব বসু বলেন, টেক-ই-সামিট তুলে ধরছে কীভাবে বিনিয়োগকারী ও স্টার্ট আপ-এর মধ্যে মেলবন্ধন ঘটছে। এই অনুষ্ঠানের উদ্দেশ্য হল পারস্পরিক আলাপ আলোচনার মাধ্যমে কীভাবে আরও বেশি করে সহযোগিতার পথ প্রশস্ত করা যায়। এর ফলে যেমন যোগাযোগ বাড়বে তেমনি আগামীদিনে আরও সুযোগের সম্ভাবনা তৈরি হবে।

বিসিসিঅ্যান্ডআইয়ের এই উদ্যোগের প্রশংসা করে কর্ণাটকের ইলেকট্রনিক্স ইনফর্মেশন টেকনোলজির অতিরিক্ত মুখ্য সচিব ড. ইভি রমনা